পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান ২৬ নভেম্বর ২০০৮ তারিখের চ্যান্সেলরের প্রবিধান A-670 এর স্থলাভিষিক্ত হয়।

এই প্রবিধান স্কুল ব্যবস্থার সকল স্তরের শিক্ষার্থীদের স্কুল সফরের বিধিবিধান ও পদ্ধতি প্রতিষ্ঠা করে। এটি শিক্ষার্থীদের মাঠ সফর পরিকল্পনা ও নিষ্পাদনের রূপরেখা বিধিনির্দিষ্ট করে এবং সুপারিনটেনডেন্ট, প্রিন্সিপ্যাল ও কর্মকর্তাদের দায়িত্বসমূহের বর্ণনা দেয়। এটি শিক্ষার্থীদের সাথে কর্মকর্তা ও অন্যান্য প্রাপ্তবয়স্কের সুনির্দিষ্টভাবে নিরূপিত অনুপাত এবং জরুরি পরিস্থিতি মোকাবেলার নিয়মকানুন প্রতিষ্ঠা করে।
পরিবর্তনসমূহ:

- এই প্রবিধান ডিপার্টমেন্ট অব এডুকেশনের (পরবর্তিতে ডিওই) স্পন্সর করা শিক্ষা সফরসমূহের ক্ষেত্রে প্রযোজ্য যার প্রাথমিক তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণের দায়িত্ব ডিওই-এর উর। (পৃষ্ঠা ১, অনুচ্ছেদ I (ডি))

- শিক্ষা সফরটি যদি প্যারেন্ট অ্যাসোসিয়েশন/পিটিএ বা বাইরের কোন গ্রুপ স্পন্সর করে থাকে যার সাথে স্কুলের কোন সম্পর্ক আছে, তাহলে সেটি ডিওই স্পন্সর করা শিক্ষা সফর (যার ক্ষেত্রে এই প্রবিধানে প্রযুক্ত শর্তাবলি প্রযোজ্য হবে) কিংবা স্বাধীনভাবে পরিচালিত শিক্ষা সফর, সেটা নিশ্চিত হওয়ার জন্য আপনাকে অবশ্যই নেটওয়ার্ক লিডার এবং/অথবা সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে কথা বলতে হবে। (পৃষ্ঠা ১, অনুচ্ছেদ I (ই))

- যখন নিশ্চিত হওয়া যায় যে শিক্ষা সফরটি স্বাধীনভাবে পরিচালিত শিক্ষা সফর, পিতামাতাদেরকে অবশ্যই স্পষ্টভাবে জানাতে হবে যে সেটি ডিওই স্পন্সর করা কোন শিক্ষা সফর নয় এবং তার সাথে সংশ্লিষ্ট সকল নথিপত্রে তার উল্লেখ থাকতে হবে। (পৃষ্ঠা ১, অনুচ্ছেদ I (এফ))

- শিক্ষা সফরের পূর্ণ বা আংশিক খরচ বাইরের কোন প্রতিষ্ঠান বহন করলে তা চ্যান্সেলরের প্রবিধান ঈ-১১০ অনুযায়ী তা ভ্রমণ-ব্যয় সংক্রান্ত নিয়মে স্বার্থের দ্বন্দ্ব আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ কি না, সফরের পরিকল্পনার সময় দেখতে হবে। এ বিষয় সকল প্রশ্ন ডিওই-এর এথিক্স অফিসারের কাছে পাঠাতে হবে। (পৃষ্ঠা ১, অনুচ্ছেদ I (জি))

- স্কুল যখন স্কুলের বাইরে কোথাও নিয়মিত শরীরচর্চা শিক্ষা প্রদান করে, তখন এই প্রবিধান ও সংযুক্ত অনুমতিপত্র প্রযোজ্য হবে না। এ ধরনের ক্ষেত্রে স্কুলকে অবশ্যই পিতামাতাদের উপযুক্ত বিজ্ঞপ্তি দিয়ে জানাতে হবে এবং যথাযোগ্য তত্ত্বাবধান ও সাবধানতা অবলম্বন করতে হবে। (পৃষ্ঠা ১)

- এই প্রবিধান শহরের বাইরে, রাত্রিকালীন, ও আন্তর্জাতিক সফর এবং যেসব সফরে শিক্ষার্থীরা সাঁতার ও পানিভিত্তিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করবে সেগুলোতে কোন ব্যক্তি প্রাপ্তবয়স্ক তদারককারী হিসাবে দায়িত্বপালন করতে পারেন তা ব্যাখ্যা করে। (পৃ. ৩-৪, ধারা II(D)(6))

- এই প্রবিধান সাঁতার এবং/অথবা পানিভিত্তিক কর্মকাণ্ড সংশ্লিষ্ট সফরের জন্য নয়া প্রাপ্তবয়স্ক-শিক্ষার্থী অনুপাত জারি করে। (পৃ. ৪, ধারা II(D)(7))

- এই প্রবিধান বাধ্যতামূলক করে যে সফর অনুমোদনের আগে প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি অবশ্যই নিশ্চিত করবেন যে শিক্ষার্থীরা যখন সাঁতার কাটবে তখন তাদের সঙ্গে সর্বদা লাইফগার্ড দায়িত্বে নিয়োজিত থাকবেন। কোন সাঁতারের অনুমতি দেয়া যাবে না যদি না কোন লাইফগার্ড দায়িত্বে নিয়োজিত থাকেন। (পৃ. ২, ধারা II(A)(9))

- এই প্রবিধান বাধ্যতামূলক করে যে সকল সফরের ক্ষেত্রে স্কুল এই প্রবিধানের সঙ্গে সংযুক্ত যথাযথ সম্মতির ফরম ব্যবহার করবে এবং ফরমে যেকোন পরিবর্তন অফিস অব লিগ্যাল সার্ভিসেস কর্তৃক অনুমোদিত হতে হবে। (পৃ. ২, II(C)(1))

- এই প্রবিধান বিমা ও ক্ষতিপূরণের বাধ্যবাধকতাসমূহ ব্যাখ্যা করে। এটি বিধিনির্দিষ্ট করে যে যখন কোন স্থাপনা বিমার প্রমাণ দাবি করে অথবা স্কুলের সফরকালে ডিওই কর্মচারী, শিক্ষার্থী বা অভ্যাগতদের দ্বারা সংঘটিত কর্মকাণ্ডের জন্য স্থাপনাটি ডিওই-র কাছে ক্ষতিপূরণের নিশ্চয়তা দাবি করে, তখন প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি অবশ্যই উক্ত স্কুলের জন্য দায়িত্বপ্রাপ্ত সিনিয়র ফিল্ড কাউন্সেলের সঙ্গে যোগাযোগ করবেন এবং সিনিয়র ফিল্ড কাউন্সেলের অনুমোদন ব্যতীত কোন ক্ষতিপূরণের নথিপত্রে স্বাক্ষর দেবেন না। (পৃ. ৬, ধারা IV(C))

- এই প্রবিধান আন্তর্জাতিক সফর সংশ্লিষ্ট বাধ্যবাধকতা ব্যাখ্যা করে। আন্তর্জাতিক সফরের ক্ষেত্রে এই প্রবিধান উল্লিখিত বিষয়গুলো বাধ্যতামূলক করে: (১) সফর অনুমোদনের আগে সুপারিনটেনডেন্টকে অবশ্যই নির্ধারণ করতে হবে শিক্ষার্থীরা যে(সব) দেশে সফর করবে সেই দেশ/দেশগুলোতে সফরের ক্ষেত্রে কোন হুঁশিয়ারি বা পরামর্শ রয়েছে কিনা এবং, যদি এ ধরনের হুঁশিয়ারি বা পরামর্শ থাকে তাহলে, সফর অনুমোদনের আগে সুপারভাইজরকে অবশ্যই ডেপুটি সিনিয়র সুপারভাইজিং সুপারিনটেনডেন্টের সঙ্গে পরামর্শ করতে হবে (পৃ. ১, ধারা II(A)(2)); (২) সুপারভাইজরকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে প্রত্যেক শিক্ষার্থী ও কর্মীর গন্তব্য দেশ/দেশসমূহে যাওয়া এবং যুক্তরাষ্ট্রে ফিরে আসার যথাযথ নথিপত্র রয়েছে (পৃ. ১, ধারা II(A)(4)); (৩) প্রিন্সিপ্যাল নিশ্চিত করবেন যে শিক্ষার্থীদের সঙ্গে আন্তর্জাতিক সফরে যাওয়া কর্মকর্তাদের মধ্যে অন্তত একজনের কাছে আন্তর্জাতিক ডায়ালিংয়ের সুবিধাসহ ফোন রয়েছে (পৃ. ১, ধারা II(A)(5)); এবং (৪) সর্বোচ্চ পনেরজন শিক্ষার্থীর সঙ্গে সহযাত্রী দুজন কর্মকর্তার অতিরিক্ত আরও একজন প্রাপ্তবয়স্ককে সফরসঙ্গী হতে হবে। (পৃ. ৩-৪, ধারা II(D)(6)(c))

- এই প্রবিধান বিধিনির্দিষ্ট করে আনন্দ সফর জাতীয় সফরের ক্ষেত্রে স্কুলকে সফরের ব্যয়নির্বাহে অবশ্যই তহবিলায়নের ব্যবস্থা করতে হবে। (পৃ. ২ ধারা II(A)(10))
- উল্লিখিত প্রবিধান এই বাস্তবতা স্পষ্ট করে যে এ প্রবিধান শিক্ষার্থী বিনিময় এবং বাড়িতে বসবাস কর্মসূচির ক্ষেত্রে প্রযোজ্য হয় না। (পৃ. ১, ধারা I(D))
- উল্লিখিত প্রবিধান এই বাস্তবতা স্পষ্ট করে যে চ্যান্সেলর অথবা তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি এই প্রবিধান, বা এর যেকোন অংশ, রদ করতে পারেন, যদি সাব্যস্ত হয় যে তা হবে স্কুল ব্যবস্থার স্বার্থের যথার্থ অনুকূল। (পৃ. ৬ ধারা VI)
- এই প্রবিধান স্পষ্ট করে কোন ধরণের কর্মকাণ্ড উচ্চ ঝুঁকিপূর্ণ বা সহজাত ঝুঁকিপূর্ণ হিসাবে বিবেচিত হয়ে থাকে। (পৃ. ৩, ধারা II(D)(4); পৃ. ৫-৬, ধারা IV)
- সম্মতি ফরম এবং সফর পরিকল্পনা সংশোধিত হয়েছে।

সংক্ষিপ্তসার

এই প্রবিধান স্কুল সফর নিয়ন্ত্রণকারী নিয়ম, বিধিবিধান ও পদ্ধতি প্রতিষ্ঠা করে। এটি ২৬ নভেম্বর ২০০৮ তারিখের চ্যান্সেলরের প্রবিধান A-670 এর স্থলাভিষিক্ত হয়। স্কুল সফর বলতে স্কুলভবনের বাইরে, গন্তব্যস্থান ও ব্যবহৃত পরিবহন নির্বিশেষে, যেকোন অনুমোদিত সফরকে বোঝান হয়েছে। স্কুল সফরগুলো শিক্ষার্থী, পিতামাতা এবং কর্মকর্তাদের জন্য ফলপ্রসূ, আনন্দদায়ক ও নির্বিঘ্ন হয়েছে তা নিশ্চিত করতে সকল ভবন প্রশাসক ও কর্মকর্তাদেরকে এই প্রবিধানের সঙ্গে পরিচিত হতে হবে।

I. উদ্দেশ্য

A. স্কুল সফর শিক্ষার্থীদের পর্যবেক্ষণ, অনুসন্ধান, আবিষ্কার এবং হাতেকলমে অভিজ্ঞতার সুযোগ দেয়। স্কুলগুলো স্কুল শুরুর আগে, স্কুল চলাকালে এবং স্কুল ছুটির পর সফরের আয়োজন করতে পারে।

B. সকল স্কুল সফরের শিক্ষাগত অথবা যথাযথ উদযাপনমূলক অভিনিবেশ থাকা উচিত এবং একে পাঠক্রম ও শিক্ষা পরিবেশের একটি সম্প্রসারণ হিসাবে দেখা উচিত।

C. সকল স্কুল সফরের ক্ষেত্রে, সব অংশগ্রহণকারীর সুরক্ষার নিশ্চয়তাবিধানে যথাযথ বন্দোবস্ত নিশ্চিত করার জন্য প্রিন্সিপ্যাল দায়ী থাকবেন।

D. এই প্রবিধান ডিপার্টমেন্ট অব এডুকেশনের (পরবর্তিতে ডিওই) স্পন্সর করা শিক্ষা সফরসমূহের ক্ষেত্রে প্রযোজ্য যার প্রাথমিক তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণের দায়িত্ব ডিওই-এর উর।[1]

E. শিক্ষা সফরটি যদি প্যারেন্ট অ্যাসোসিয়েশন/পিটিএ বা বাইরের কোন গ্রুপ স্পন্সর করে থাকে যার সাথে স্কুলের কোন সম্পর্ক আছে, তাহলে সেটি ডিওই স্পন্সর করা শিক্ষা সফর (যার ক্ষেত্রে এই প্রবিধানে প্রযুক্ত শর্তাবলি প্রযোজ্য হবে) কিংবা স্বাধীনভাবে পরিচালিত শিক্ষা সফর, সেটা নিশ্চিত হওয়ার জন্য আপনাকে অবশ্যই নেটওয়ার্ক লিডার এবং/অথবা সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে কথা বলতে হবে।

F. যখন নিশ্চিত হওয়া যায় যে শিক্ষা সফরটি স্বাধীনভাবে পরিচালিত শিক্ষা সফর, পিতামাতাদেরকে অবশ্যই স্পষ্টভাবে জানাতে হবে যে সেটি ডিওই স্পন্সর করা কোন শিক্ষা সফর নয় এবং তার সাথে সংশ্লিষ্ট সকল নথিপত্রে তার উল্লেখ থাকতে হবে।

G. শিক্ষা সফরের পূর্ণ বা আংশিক খরচ বাইরের কোন প্রতিষ্ঠান বহন করলে তা চ্যান্সেলরের প্রবিধান ঈ-১১০ অনুযায়ী তা ভ্রমণ-ব্যয় সংক্রান্ত নিয়মে স্বার্থের দ্বন্দ্ব আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ কি না, সফরের পরিকল্পনার সময় দেখতে হবে। এ বিষয় সকল প্রশ্ন ডিওই-এর এথিক্স অফিসারের কাছে পাঠাতে হবে।

II. পরিকল্পন এবং উপকরণ

A. পরিকল্পন

1. সব স্কুল সফর অবশ্যই প্রিন্সিপ্যাল কর্তৃক পূর্বানুমোদিত হতে হবে। স্কুলস্থিত বিশেষ কর্মসূচিগুলো (যেমন, ক্লাব) আয়োজিত সফরগুলোও স্কুল সফর হিসাবে বিবেচিত হয় এবং অবশ্যই প্রিন্সিপ্যাল কর্তৃক পূর্বানুমোদিত হতে হবে।

2. আন্তর্জাতিক সফরগুলো অবশ্যই সুপারিনটেনডেন্ট কর্তৃক পূর্বানুমোদিত হতে হবে। সফর অনুমোদনের আগে, সুপারিনটেনডেন্টকে অবশ্যই নির্ধারণ করতে হবে শিক্ষার্থীদের গন্তব্য দেশ/দেশসমূহে ভ্রমণের ব্যাপারে কোন হুঁশিয়ারি বা পরামর্শ আছে কিনা। (দেখুন www.cdc.gov; www.travel.state.gov) যদি এধরনের কোন হুঁশিয়ারি বা পরামর্শ থাকে, তাহলে সফর অনুমোদন করা যায় কিনা নির্ধারণে সুপারিনটেনডেন্টকে অবশ্যই ডেপুটি সিনিয়র সুপারভাইজিং সুপারিনটেনডেন্টের সঙ্গে পরামর্শ করতে হবে।

3. সব সফরের জন্যই একটি সফর পরিকল্পনা প্রণয়ন এবং স্কুল ফাইলে তা সংরক্ষণ করতে হবে। পরিকল্পনায় তদারককারীর নাম, অংশগ্রহণকারী শিক্ষার্থীদের ক্লাস, থাকার ব্যবস্থা, কর্মকাণ্ড এবং দর্শনের স্থান, অংশগ্রহণকারী প্রাপ্তবয়স্কদের নাম, রওনা দেয়া এবং ফিরে আসার সময়, পরিবহনের ধরন ও প্রতিষ্ঠানের নাম, বিমা কাভারেজসহ সব তথ্য অবশ্যই উল্লেখ করতে হবে (দেখুন সংযুক্তি ১)।

4. প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি অবশ্যই নিশ্চিত করবেন যে আন্তর্জাতিক সফরে অংশগ্রহণকারী প্রত্যেক শিক্ষার্থী এবং কর্মকর্তাদের সফরে গন্তব্য দেশ/দেশসমূহে যাওয়ার এবং যুক্তরাষ্ট্রে ফিরে আসার জন্য যথাযথ কাগজপত্র (যেমন, পাসপোর্ট) রয়েছে। যুক্তরাষ্ট্রের পাসপোর্ট নিয়ে ভ্রমণ করছে না এমন শিক্ষার্থীদের জন্য এটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ।

---

[1] স্কুল যখন স্কুলের বাইরে কোথাও নিয়মিত শরীরচর্চা শিক্ষা প্রদান করে, তখন এই প্রবিধান ও সংযুক্ত অনুমতিপত্র প্রযোজ্য হবে না। এ ধরনের ক্ষেত্রে স্কুলকে অবশ্যই পিতামাতাদের উপযুক্ত বিজ্ঞপ্তি দিয়ে জানাতে হবে এবং যথাযোগ্য তত্ত্বাবধান ও সাবধানতা অবলম্বন করতে হবে। এই প্রবিধান শিক্ষার্থী বিনিময় বা কারও বাড়িতে অবস্থানকারী শিক্ষা কর্মসূচিকে আওতাভুক্ত করে না। এসব কর্মসূচির ক্ষেত্রে সুপারিনটেনডেন্টের লিখিত অনুমতি আবশ্যক। এসব কর্মসূচির ক্ষেত্রে সুপারিনটেনডেন্ট এবং অফিস অব লিগ্যাল সার্ভিসেস এর সঙ্গে আলাপ করে সম্মতি ফরম এবং সফর সংক্রান্ত নথিপত্র প্রণয়ন করতে হবে।

5. প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি অবশ্যই নিশ্চিত করবেন যে আন্তর্জাতিক সফরে শিক্ষার্থীদের সফরসঙ্গী কমপক্ষে একজন কর্মকর্তার কাছে আন্তর্জাতিক ডায়ালিং সুবিধাসহ একটি ফোন রয়েছে।

6. স্পেশাল এডুকেশন শিক্ষার্থীদের অবশ্যই তাদের প্রয়োজন মাফিক যানবাহন ও সংস্থান জোগাতে হবে।

7. স্বাস্থ্যগত জরুরি পরিস্থিতি এবং তা মোকাবেলার ব্যবস্থা সফর পরিকল্পনার অন্তর্ভুক্ত করতে হবে। প্রাপ্তবয়স্ক তদারককারীরা ফারস্ট এইড কিট, এলাকার জন্য এমার্জেন্সি সার্ভিসের ফোন নম্বর এবং বাড়ির এমার্জেন্সি যোগাযোগের নম্বর সঙ্গে করে সফরে যাবেন।

8. সফর পরিকল্পনের সময়ে কর্মকর্তাদের অনুসন্ধান করা উচিত থাকা, পরিবহন, ইত্যাদির জন্য সরকারি বা স্কুলের রেট লভ্য কিনা। কর রেয়াত মর্যাদার জন্য সবসময় আবেদন এবং সরবরাহকারীদের সঙ্গে যোগাযোগের ক্ষেত্রে উক্ত রেয়াতের প্রমাণ অন্তর্ভুক্ত করতে হবে।

9. সাঁতারের বিষয় অন্তর্ভুক্ত এমন সফর অনুমোদনের আগে, প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে নিশ্চিত করতে হবে যে শিক্ষার্থীদের অনুমোদিত সাঁতারের পুরো সময়ে একজন লাইফগার্ড ডিউটিতে থাকবেন। লাইফগার্ড ডিউটিতে না থাকলে সাঁতারের অনুমতি দেয়া যাবে না।

10. উদযাপনমূলক সফরের ক্ষেত্রে, স্কুলকে সফরের ব্যয়নির্বাহে অবশ্যই ফাইন্ড রেইজ করতে হবে।

B. ফিস

ফিস, যেমন ভর্তি ও থাকার খরচ, অবশ্যই মাত্রাতিরিক্ত হওয়া চলবে না। আবশ্যিক ফি প্রদানে অক্ষমতার কারণে কোন শিক্ষার্থীকে বাদ দেয়া যাবে না। যেখানে প্রযোজ্য, স্কুল শিক্ষার্থীদের আর্থিক সহায়তা জোগাবে যাতে তারা অংশগ্রহণ করতে পারে।

C. পিতামাতাদের বিজ্ঞপ্তিপ্রদান, সম্মতি ফরম এবং প্রামাণিক নথিপত্র*

1. পরিকল্পিত সফর সম্পর্কে পিতামাতাদের অবশ্যই লিখিতভাবে আগাম অবহিত করতে হবে, এবং প্রত্যেক সফরের জন্য পিতামাতার কাছ থেকে একটি সম্মতি ফরম আবশ্যক হবে। স্কুলগুলোকে অবশ্যই প্রযোজ্য সম্মতি ফরম ব্যবহার করতে হবে যা সংযুক্তি ২, ৩ ও ৪ হিসাবে পরিশিষ্ট অংশে স্থান পেয়েছে। এসব ফরমে যেকোন ধরনের পরিবর্তন বা পরিমার্জন অবশ্যই অফিস অব লিগ্যাল সার্ভিসেস কর্তৃক পূর্বানুমোদিত হতে হবে।

2. আঠার বছরের কম বয়সী কোন শিক্ষার্থীকে স্কুল সফরে অংশগ্রহণের অনুমতি দেয়া হবে না যদি না তার পিতামাতা, অভিভাবক বা পিতামাতার সম্পর্কে আবদ্ধ কোন ব্যক্তি সম্মতি ফরমে স্বাক্ষর করে শিক্ষার্থীকে অংশগ্রহণের অনুমতি প্রদান করেন (দ্রষ্টব্য সংযুক্তি নম্বর ২ থেকে ৪)। একজন শিক্ষার্থী যে আঠার বছর বা তার বেশি বয়সী, কিংবা একজন স্বাবলম্বী অপ্রাপ্তবয়স্ক, নিজেই সম্মতি দিতে পারবে।

3. শিক্ষার্থীরা সফরে অংশগ্রহণ করবে এমন সহজাত ঝুঁকিপূর্ণ কর্মকাণ্ডগুলো (যেমন, সাঁতার, অশ্বারোহণ, আইস স্কেটিং, ফিজিক্যাল ফিটনেস সরঞ্জাম ব্যবহার) সম্মতি ফরমে অবশ্যই শনাক্ত করা থাকবে এবং এসব কর্মকাণ্ডে অংশগ্রহণে পিতামাতার অনুমতিলাভের জন্য ফরমে সুনির্দিষ্টভাবে অনুরোধ থাকতে হবে। কোন শিক্ষার্থীর যদি সফরে এবং/অথবা কোন কোন কর্মকাণ্ডে অংশগ্রহণের জন্য চিকিৎসকের আগাম অনুমতি প্রয়োজন হয়, তাহলে তা সফরের আগেই সংগ্রহ করতে হবে।

D. তদারকি

1. প্রিন্সিপ্যাল অবশ্যই সফরে অংশগ্রহণকারী একজন লাইসেন্সপ্রাপ্ত শিক্ষক, অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল অথবা অপর কোন তদারককারীকে সফরের সার্বিক তদারককারী ব্যক্তি দায়িত্ব দেবেন। মাদক অপব্যবহার কর্মসূচি সংক্রান্ত সফরের ক্ষেত্রে, এসএপিআইএস কর্মী যারা সবসময়ে শিক্ষার্থীদের দেখভাল করে থাকে তাদেরকে সার্বিক তদারককারী ব্যক্তির দায়িত্ব দেয়া যেতে পারে।

2. স্কুল সফরের প্রত্যেক ধাপে যথাযথ তদারকির ব্যবস্থা অবশ্যই করতে হবে।

3. সব সফরের জন্য, শিক্ষার্থীদের সফরসঙ্গী কর্মকর্তারা অবশ্যই সফর পৃষ্ঠপোষক স্কুল থেকে আসবেন। প্রিন্সিপ্যাল তার ক্ষমতাবলে এই অনুরোধ অনুমোদন করতে পারেন যে অন্য একটি স্কুলের কর্মকর্তা শিক্ষার্থীদের সফরসঙ্গী হবেন।

4. যে সফরে সহজাত ঝুঁকিপূর্ণ কর্মকাণ্ডে (যেমন, সাঁতার, অশ্বারোহণ, আইস স্কেটিং, ফিজিক্যাল ফিটনেস সরঞ্জাম ব্যবহার) শিক্ষার্থীরা অংশগ্রহণ করবে সেখানে প্রিন্সিপ্যাল/ দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি অবশ্যই নিশ্চিত করবেন যে শিক্ষার্থীরা এধরনের কর্মকাণ্ডে অংশগ্রহণের সময়ে যথাযথ প্রাপ্তবয়স্ক তদারকির ব্যবস্থ রয়েছে।

---

* এই প্রবিধান প্রসঙ্গে প্রেরিত যেকোন চিঠি বা সম্মতি ফরম লিখিত হতে হবে, যেখানে সম্ভব, পিতামাতা(দের)পছন্দের ভাষা অথবা যোগাযোগের মাধ্যমে। যেসব ক্ষেত্রে পূর্ণাঙ্গ অনুবাদ সংগ্রহ করা সম্ভব নয়, চিঠি এবং/অথবা সম্মতি ফরম ইংরেজি ভাষায় লিখতে হবে এবং এর সঙ্গে পিতামাতা(দের)পছন্দের ভাষায় অথবা যোগাযোগের মাধ্যমে একটি বিজ্ঞপ্তি সংযুক্ত থাকবে যাতে বলা হবে: "সংযুক্ত চিঠিতে আপনার সন্তান সম্পর্কিত জরুরি তথ্য রয়েছে। অনুগ্রহ করে যত দ্রুত সম্ভব এটি অনুবাদ করিয়ে নিন।"

5. যেসব কর্মকাণ্ডের জন্য প্রয়োজন সেগুলোতে অবশ্যই রক্ষামূলক সরঞ্জাম (যেমন অশ্বারোহণের জন্য হেলমেট) জোগাতে হবে।

6. কর্মকর্তা ও শিক্ষার্থীর অনুপাত

প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি অংশগ্রহণকারী শিক্ষার্থীদের বয়স, পরিবহন প্রণালি, সফরের ধরন এবং শিক্ষার্থীরা সফরে যেসব কর্মকাণ্ডে অংশ নেবে সগুলোর ধরন বিবেচনায় এনে নিশ্চিত করবেন যে স্কুল সফরে শিক্ষার্থীদের অনুপাতে কর্মকর্তা ও প্রাপ্তবয়স্কদের সংখ্যা যথাযথ রয়েছে। নিচে শিক্ষার্থীদের সঙ্গে প্রাপ্তবয়স্কদের ন্যূনতম আবশ্যিক অনুপাত নির্ধারণ করা হয়েছে:

a. নিউ ইয়র্ক সিটির মধ্যে রুটিন দিবা সফর:

এলিমেন্টারি ও মিডল স্কুল শিক্ষার্থীদের জন্য কমপক্ষে এক (১) জন কর্মকর্তা এবং অতিরিক্ত দুই (২) জন প্রাপ্তবয়স্ক আবশ্যিক সর্বোচ্চ ত্রিশ (৩০) জন শিক্ষার্থীর জন্য। হাই স্কুল শিক্ষার্থীদের জন্য কমপক্ষে এক (১) জন কর্মকর্তা এবং অতিরিক্ত (১) জন প্রাপ্তবয়স্ক আবশ্যিক সর্বোচ্চ ত্রিশ (৩০) জন শিক্ষার্থীর জন্য। আবশ্যিক কর্মকর্তা অবশ্যই হবেন একজন শিক্ষক অথবা সুপারভাইজর। অপর প্রাপ্তবয়স্ক(রা) হতে পারেন পিতামাতা স্বেচ্ছাসেবী অথবা নির্দেশনা কর্মকর্তাদের একজন (যেমন, শিক্ষক, ডিন, গাইডেন্স কাউন্সেলর, সমাজকর্মী) অথবা প্যারাপ্রফেশনাল কিংবা স্কুল এইড।

প্রাথমিক স্তরে অতিরিক্ত প্রতি দশ (১০) জন শিক্ষার্থীর জন্য একজন অতিরিক্ত প্রাপ্তবয়স্ক থাকতে হবে। মিডল ও হাই স্কুল স্তরে অতিরিক্ত প্রতি পনের (১৫) জন শিক্ষার্থীর জন্য একজন অতিরিক্ত প্রাপ্তবয়স্ক আবশ্যিক।

b. শহরের বাইরে একদিনের বা রাত্রিযাপন সফর:

এলিমেন্টারি, মিডল ও হাই স্কুল শিক্ষার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ত্রিশ (৩০) জন শিক্ষার্থীর জন্য কমপক্ষে দুই (২) জন কর্মকর্তা এবং এক (১) জন প্রাপ্তবয়স্ক আবশ্যিক। উপর্যুক্ত দুজন কর্মকর্তার মধ্যে একজনকে অবশ্যই শিক্ষক অথবা সুপারভাইজর হতে হবে। অপর কর্মকর্তা নির্দেশন কর্মকর্তাদের একজন (যেমন, শিক্ষক, ডিন, গাইডেন্স কাউন্সেলর, সমাজকর্মী) অথবা একজন প্যারাপ্রফেশনাল কিংবা স্কুল এইড হতে পারেন। অপর এক (১) জন প্রাপ্তবয়স্ক পিতামাতা স্বেচ্ছাসেবী অথবা নির্দেশন কর্মকর্তাদের একজন (যেমন, শিক্ষক, ডিন, গাইডেন্স কাউন্সেলর, সমাজকর্মী) অথবা একজন প্যারাপ্রফেশনাল কিংবা স্কুল এইড হতে পারেন।

এলিমেন্টারি স্তরে অতিরিক্ত প্রতি দশ (১০) শিক্ষার্থীর জন্য একজন অতিরিক্ত প্রাপ্তবয়স্ক আবশ্যিক। মিডল ও হাই স্কুল স্তরে অতিরিক্ত প্রতি পনের (১৫) শিক্ষার্থীর জন্য একজন অতিরক্তি প্রাপ্তবয়স্ক আবশ্যিক।

c. আন্তর্জাতিক সফর

সর্বোচ্চ পনের (১৫) জন শিক্ষার্থীর জন্য দুই (২) জন কর্মকর্তা এবং অপর এক (১) জন প্রাপ্তবয়স্ক আবশ্যিক।উপর্যুক্ত দুজন কর্মকর্তার মধ্যে একজনকে অবশ্যই শিক্ষক অথবা সুপারভাইজর হতে হবে। অপর কর্মকর্তা নির্দেশন কর্মকর্তাদের একজন (যেমন, শিক্ষক, ডিন, গাইডেন্স কাউন্সেলর, সমাজকর্মী) অথবা একজন প্যারাপ্রফেশনাল কিংবা স্কুল এইড হতে পারেন। অপর এক (১) জন প্রাপ্তবয়স্ক পিতামাতা স্বেচ্ছাসেবী অথবা নির্দেশন কর্মকর্তাদের একজন (যেমন, শিক্ষক, ডিন, গাইডেন্স কাউন্সেলর, সমাজকর্মী) অথবা একজন প্যারাপ্রফেশনাল কিংবা স্কুল এইড হতে পারেন। অতিরিক্ত প্রতি দশ (১০) জন অংশগ্রহণকারী শিক্ষার্থীর জন্য একজন অতিরিক্ত প্রাপ্তবয়স্ক আবশ্যিক।

d. স্পেশাল এডুকেশন শিক্ষার্থী

স্পেশাল এডুকেশন শিক্ষার্থীদের স্কুল সফরের ক্ষেত্রে, শিক্ষার্থীদের সাথে কর্মকর্তাদের অনুপাত তাদের ক্লাসের জন্য বাধ্যতামূলক অনুপাতের অনুরূপ হওয়া উচিত।

7. সাঁতার এবং পানিভিত্তিক কর্মকাণ্ডের জন্য আরও বাধ্যবাধকতা

a. সাঁতার ও পানিভিত্তিক কর্মকাণ্ডের জন্য শিক্ষার্থী সঙ্গে কর্মকর্তাদের অনুপাত

শিক্ষার্থীরা যদি সাঁতার দেবে অথবা পানিভিত্তিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করবে (যেমন, রোয়িং, কায়াকিং) তাহলে নিচের অনুপাত অবশ্যই ব্যবহার করতে হবে:

1. এলিমেন্টারি ও মিডল স্কুল শিক্ষার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ত্রিশ (৩০) জন শিক্ষার্থীর জন্য কমপক্ষে দুই (২) জন কর্মকর্তা এবং দুই (২) জন প্রাপ্তবয়স্ক আবশ্যিক।

2. হাই স্কুল শিক্ষার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ত্রিশ (৩০) জন শিক্ষার্থীর জন্য কমপক্ষে দুই (২) জন কর্মকর্তা এবং দুই (২) জন প্রাপ্তবয়স্ক আবশ্যিক।

3. উপর্যুক্ত দুজন কর্মকর্তার মধ্যে একজনকে অবশ্যই শিক্ষক অথবা সুপারভাইজর হতে হবে। অপর কর্মকর্তা নির্দেশন কর্মকর্তাদের একজন (যেমন, শিক্ষক, ডিন, গাইডেন্স কাউন্সেলর, সমাজকর্মী) অথবা একজন প্যারাপ্রফেশনাল কিংবা স্কুল এইড হতে পারেন।

4. উল্লিখিত দুই (২) জন প্রাপ্তবয়স্ক পিতামাতা স্বেচ্ছাসেবী অথবা নির্দেশন কর্মকর্তা (যেমন, শিক্ষক, ডিন, গাইডেন্স

কাউন্সেলর, সমাজকর্মী) অথবা একজন প্যারাপ্রফেশনাল কিংবা স্কুল এইড হতে পারেন।

5. এলিমেন্টারি স্তরে, অতিরিক্ত প্রতি দশ (১০) জন শিক্ষার্থীর জন্য দুজন প্রাপ্তবয়স্ক আবশ্যিক। মিডল ও হাই স্কুল স্তরে অতিরিক্ত প্রতি পনের (১৫) জন শিক্ষার্থীর জন্য দুজন অতিরিক্ত প্রাপ্তবয়স্ক আবশ্যিক।

b. শিক্ষার্থীদের শুধু তখনই সাঁতারের অনুমতি দেয়া যেতে পারে যখন লাইফগার্ড ডিউটিতে থাকবেন। শিক্ষার্থীদের সাঁতার কাটার পুরো সময় লাইফগার্ডকে ডিউটিতে থাকতে হবে।

c. যেসব শিক্ষার্থী সাঁতার ব্যতীত অপর কোন পানিভিত্তিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করবে, যেমন কায়াকিং, টাবিং বা রোয়িং, তাদেরকে অবশ্যই সবসময়ে লাইফজ্যাকেট পরে থাকতে হবে।

d. আন্তর্জাতিক সফরের ক্ষেত্রে প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি অবশ্যই নিশ্চিত করবেন যে শিক্ষার্থীরা যেসব কর্মকাণ্ডে অংশগ্রহণ করছে তার সঙ্গে প্রাপ্তবয়স্ক তদারকি সঙ্গতিপূর্ণ।

8. কোন শিক্ষার্থীকে যদি স্কুল সফর থেকে সময়ের আগেই চলে আসতে হয়, তাহলে তার সঙ্গে অবশ্যই একজন কর্মকর্তাকে থাকতে হবে যদি একজন পিতা বা মাতা শিক্ষার্থীর কাছে আসতে না পারেন।

9. সফরের ধরন যাই হোক, শিক্ষার্থীদের সঙ্গে স্কুলের পরিবর্তে অপর সাইটে মিলিত হওয়া বা সেখান থেকে ছুটি দেয়া অনুমোদনযোগ্য নয় যদি না সম্মতি ফরমে এটি সুনির্দিষ্টভাবে উল্লেখ করা থাকে। প্রিন্সিপ্যাল অথবা তার মনোনীত ব্যক্তি অবশ্যই প্রত্যাগত শিক্ষার্থীদের গ্রহণ করার সমুদয় দায়িত্বগ্রহণ করবেন। যেসব ক্ষেত্রে পরিস্থিতিগত কারণে ঐকমত্যের সাইটে শিক্ষার্থীদের ছুটি দেয়া যাচ্ছে না, সেসব ক্ষেত্রে পিতামাতার সঙ্গে অবশ্যই যোগাযোগ করে পরিস্থিতি ব্যাখ্যা করতে হবে এবং পিতামাতা না আসা অবধি একজন যথোপযুক্ত স্কুল কর্মকর্তাকে শিক্ষার্থীদের সঙ্গে থাকতে হবে। যদি পিতামাতা শিক্ষার্থীকে নিয়ে যেতে ব্যর্থ হন এবং বারংবার চেষ্টা করেও পিতামাতাকে না পাওয়া যায়, তাহলে প্রিন্সিপ্যাল বা তার মনোনীত ব্যক্তি অবশ্যই নিকটবর্তী পুলিশ প্রিসিংক্টে যোগাযোগ করবেন।

10. যেসব শিক্ষার্থীর পিতামাতা ক্লাস সফরে সফরসঙ্গী হচ্ছেন সেসব শিক্ষার্থীর ভাইবোনেরা উক্ত সফরে অংশগ্রহণ করতে পারবে না।

E. জরুরি পরিস্থিতি

1. হারান শিক্ষার্থী

a. যদি এক বা একাধিক শিক্ষার্থীকে সফর সাইটে পাওয়া না যায়, অবিলম্বে সেকথা বৈধ সাইট কর্তৃপক্ষকে অবহিত করতে এবং তল্লাশির ব্যবস্থা করতে হবে। যদি, তল্লাশির পরও, শিক্ষার্থীকে(দেরকে) না পাওয়া যায় তাহলে অবশ্যই স্থানীয় পুলিশকে ডাকতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবশ্যই পিতামাতা এবং তার ঊর্ধ্বতন কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করার জন্য সর্বাত্মক প্রচেষ্টা নিতে হবে।

b. সব শিক্ষার্থীর হিসাব না পাওয়া অবধি একজন কর্মকর্তাকে অবশ্যই সাইটে থাকতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সিদ্ধান্ত নেবেন অন্যান্য শিক্ষার্থী এবং প্রাপ্তবয়স্করা সাইট ছেড়ে যাবেন কিনা। এ ধরনের সব সিদ্ধান্ত কর্মকর্তার ঊর্ধ্বতন তদারককারীর সঙ্গে পরামর্শ ক্রমে গ্রহণ করতে হবে। শিক্ষার্থীকে অনুসন্ধানের কাজ কোন পর্যায়ে আছে পিতামাতাদের তা অবহিত রাখতে হবে।

2. অসুখ/জখম

a. যদি কোন শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়ে বা জখম হয় এবং তার সহায়তার প্রয়োজন পড়ে, তাহলে অবিলম্বে যথোপযুক্ত স্বাস্থ্য কর্মকর্তাকে অবহিত করতে হবে। অসুস্থতা বা জখমের মাত্রা স্বাস্থ্য কর্মকর্তা দ্বারা নিরূপিত হতে হবে এবং যদি হাসপাতালে নেয়া প্রয়োজন হয় তাহলে একজন প্রাপ্তবয়স্ককে অবশ্যই শিক্ষার্থীর সঙ্গে যেতে হবে। পিতামাতাকে অবশ্যই এই অবস্থা এবং শিক্ষার্থীর ঠিকানা (হাসপাতাল ইত্যাদি) এবং অসুস্থতা বা জখমের ধরন অবহিত করতে হবে।

b. অন্যান্য শিক্ষার্থী ও প্রাপ্তবয়স্করা সাইট ত্যাগ করবেন কিনা তা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারণ করবেন, তবে অসুস্থ বা জখম শিক্ষার্থী স্থানত্যাগে সমর্থ না হওয়া অবধি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অবশ্যই সেখানে থাকবেন। এ ধরনের সব সিদ্ধান্ত কর্মকর্তার ঊর্ধ্বতন তদারককারীর সঙ্গে পরামর্শ ক্রমে গ্রহণ করতে হবে। শিক্ষার্থীকে অনুসন্ধানের কাজ কোন পর্যায়ে আছে পিতামাতাদের তা অবহিত রাখতে হবে।

III. ট্রান্সপোর্টেশন

A. স্কুলগুলো নিচের যেকোন পরিবহন মাধ্যম ব্যবহার করতে পারে:

1. পাবলিক ট্রানজিট সিস্টেমস (যেমন, সাবওয়ে, বাস);

2. রেজিস্টার্ড কমার্শিয়াল এয়ারলাইন্স;

3. ইন্টারসিটি বাস বা ট্রানজিট সিস্টেমস (যেমন, অ্যামট্র্যাক, গ্রেহাউন্ড); এবং/অথবা

4. প্রাইভেট অনুমোদিত বাস, স্কুল বাসসহ, যা নিচে ব্যাখ্যাত হয়েছে:

a. শিক্ষার্থী পরিবহনে ব্যবহৃত যেকোন ধরনের যানবাহনকে সব ফেডারেল, স্টেট, সিটি এবং ডিপার্টমেন্ট অব এডুকেশনের শিক্ষার্থী পরিবহন সংক্রান্ত আইনকানুন ও বিধিবিধান অবশ্যই মান্য করতে হবে। এর অন্তর্ভুক্ত থাকবে, তবে এতেই সীমাবদ্ধ নয়, যানবাহন, ড্রাইভার, বিমা এবং কম্পানি সম্পর্কিত প্রতিষ্ঠিত আদর্শমান। এসব মাপকাঠির সঙ্গে সঙ্গতি রেখে পরিসেবা দেয়া কম্পানিগুলো তালিকা লাভে অবশ্যই অফিস অব পিউপল ট্রান্সপোর্টেশনের সঙ্গে যোগাযোগ করতে হবে।

b. স্কুল সফরের উদ্দেশ্যে অফিস অব পিউপল ট্রান্সপোর্টেশনের কাছ থেকে একটি বাসের অনুরোধ জানানর জন্য অনুগ্রহ করে 718-784-3313 নম্বরে ফিল্ড ট্রিপ ইউনিটের সঙ্গে যোগাযোগ করুন। এই ইউনিট সফরের জন্য বাস সংগ্রহের অনুরোধ করার পদ্ধতি সব স্কুলকে স্কুলবছর শুরু হওয়ার আগে অবহিত করে। অফিস অব পিউপল ট্রান্সপোর্টেশনের কাছে বাসের জন্য অনুরোধ জানান সময়ে অনুগ্রহ করে এই পদ্ধতি অনুসরণ করুন।

c. শিক্ষার্থীদেরকে কোন অননুমোদিত বেসরকারি যানবাহনে সফর সাইটে নিয়ে যাওয়া বা সেখান থেকে নিয়ে আসা চলবে না।

IV. বিমা এবং ক্ষতিপূরণ

A. শিক্ষার্থীরা উচ্চ ঝুঁকিপূর্ণ কর্মকাণ্ডে (যেমন, সাঁতার, অশ্বারোহণ, স্কিং, আইস স্কেটিং, ফিজিক্যাল ফিটনেট সরঞ্জাম ব্যবহার) অংশগ্রহণ করে এমন স্কুল সফরের ক্ষেত্রে গন্তব্য স্থাপনাটির প্রতিটি দুর্ঘটনার ক্ষেত্রে কমপক্ষে $২,০০০,০০০ ডলারের সামগ্রিক লায়াবিলিটি বিমা থাকার প্রমাণ এবং তাদের স্বাস্থ্য, আগুন ও সুরক্ষার মান ৪-২১ বছর বয়সী ছেলেমেয়েদের ব্যবহারের জন্য স্থানীয় বিধিসম্মত এমন নিশ্চয়তার কাগজপত্র স্কুলের ফাইলে থাকতে হবে। কোন কাগজপত্র পাওয়া যায়নি এখনও এমন ঘটনার ক্ষেত্রে প্রিন্সিপ্যাল সিদ্ধান্ত নেবেন সফর চালু থাকবে কিনা। আন্তর্জাতিক সফরের ক্ষেত্রে সব অংশগ্রহণকারীর জন্য অবশ্যই এমার্জেন্সি মেডিক্যাল গ্রুপ ইন্স্যুরেন্স কিনতে হবে।

B. যদি কোন স্থাপনা বিমার প্রমাণ দেখাতে বলে কিংবা ডিওই কর্মচারী, শিক্ষার্থী বা অভ্যাগতদের দ্বারা সংঘটিত ঘটনার জন্য স্থাপনাটি ডিওইর কাছে ক্ষতিপূরণ চায়, তাহলে প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই উক্ত স্কুলের জন্য দায়িত্বপ্রাপ্ত সিনিয়র ফিল্ড কাউন্সেলের সঙ্গে যোগাযোগ করতে হবে এবং সিনিয়র ফিল্ড কাউন্সেলের অনুমোদন ব্যতীত কোন ক্ষতিপূরণের কাগজে দস্তখত করবেন না।

C. বিমা ও ক্ষতিপূরণ সংক্রান্ত সকল প্রশ্ন যথাযথ সিনিয়র ফিল্ড কাউন্সেল বরাবর পাঠাতে হবে।

V. দায়

নিউ ইয়র্ক স্টেটের আইন অনুসারে, তদারকি ও শিক্ষা কর্মকর্তা, এবং স্কুল স্বেচ্ছাসেবা কর্মসূচিতে অনুমোদিত অংশগ্রহণকারীরা কোন ক্রিয়া বা ক্রিয়া বিচ্যুতি থেকে উদ্ভূত দাবি প্রসঙ্গে আইনি সহায়তা ও ক্ষতিপূরণ পেতে পারেন যখন কর্মচারী/স্বেচ্ছাসেবী তার সরকারি নিযুক্তির এখতিয়ারের মধ্যে দায়িত্বপালন করছিলেন, এবং কথিত ক্রিয়া বা ক্রিয়া বিচ্যুতি সংঘটনের সময়ে ডিপার্টমেন্ট অব এডুকেশনের কোন আইন বা বিধিবিধানের বরখেলাপ করেননি। ডিপার্টমেন্ট অব এডুকেশনের কোন কর্মচারী/স্বেচ্ছাসেবীর নামে মোকদ্দমার ক্ষেত্রে, কর্পোরেশন কাউন্সেল-এর সহায়তা লাভে ডিপার্টমেন্টের অফিস অব লিগ্যাল সার্ভিস-এর সঙ্গে 212-374-6888 নম্বরে অবশ্যই যোগাযোগ করতে হবে

VI. ছাড়

চ্যান্সেলর বা তার মনোনীত ব্যক্তি এই প্রবিধান বা এর অংশবিশেষ ছাড় দিতে পারেন যদি তা স্কুল ব্যবস্থার স্বার্থের অনুকূল বলে নিরূপিত হয়।

VII. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত অনুসন্ধান নিম্নলিখিত ব্যক্তিদ্বয় বরাবর করতে হবে:

নেটওয়ার্ক লিডার ও সুপারিনটেনডেন্ট

Department of Education

সফর পরিকল্পনা

প্রিন্সিপ্যালকে অবশ্যই একটি বিস্তারিত সফরসূচি দিতে এবং এই ফরমের সঙ্গে সংযুক্ত করতে হবে

1. স্কুল: _____ ক্লাস(সমূহ) _____

2. গন্তব্য: নয়া সম্মতি ফরম এবং অনুমোদন ব্যতীত কোন পরিবর্তন চলবে না

_____

3. সফরের উদ্দেশ্য: _____

4. সফরের তারিখ(সমূহ) _____

5. যাত্রার সময়: _____ **6.** প্রত্যাবর্তনের সময়: _____

7. সঙ্গী শিক্ষার্থী সংখ্যা: _____ **8.** শিক্ষক সংখ্যা: _____ প্রাপ্তবয়স্ক সংখ্যা: _____

9. পরিবহনের ধরন:

সরকারি _____ চার্টার বাস কম্পানি _____ অন্যান্য _____

10. গন্তব্যের তথ্য (স্থান ও পরিবহন): _____

11. ফিরতি ট্রিপ (স্থান ও পরিবহন): _____

12. ফ্রি পরিবহন পাসের অনুরোধ জানান হয়েছে হ্যাঁ _____ না _____

13. _____ অনুমোদিত: _____
দায়িত্বপ্রাপ্ত শিক্ষক প্রিন্সিপ্যাল

14. ব্যক্তি/যে কম্পানি সফর পরিকল্পনা করেছেন তার নাম ও যোগাযোগের তথ্য:

_____

15. থাকা ও খাওয়া জোগাবে: _____

16. থাকার জায়গার ঠিকানা ও ফোন নং _____

17. স্থাপনাটির ঝুঁকির স্তরের (যেমন, পরিশ্রমহীন সফরের পরিবর্তে শারীরিকভাবে সকর্মক সফর) সঙ্গে সঙ্গতিপূর্ণ পর্যাপ্ত বিমা রয়েছে স্কুল এটি নিশ্চিত করেছে কি?

হ্যাঁ _____ না _____ উত্তর যদি হ্যাঁ হয়, পলিসির একটি কপি সংযুক্ত করুন।

18. যদি সাঁতার অন্তর্ভুক্ত থাকে, তাহলে স্কুল নিশ্চিত করেছে শিক্ষার্থীরা পানিতে থাকার পুরো সময়টা একজন লাইফগার্ড ডিউটিতে থাকবেন। হ্যাঁ _____

বিদেশ সফর

A. বর্তমানে স্টেট ডিপার্টমেন্ট সফরের ব্যাপারে কোন হুঁশিয়ারি বা পরামর্শ জারি করেছে কি? (www.cdc.gov; www.travel.state.gov)
হ্যাঁ _____ না _____

হ্যাঁ, অনুগ্রহ করে ব্যাখ্যা করুন: _____

B. বিদেশ ভ্রমণের প্রতিদিনের জন্য মেডিক্যাল বিমা কিনেছেন কি?

হ্যাঁ _____ না _____ (পলিসির একটি কপি সংযুক্ত করুন)

C. কোন আগাম মেডিক্যাল ক্লিয়ারেন্স দরকার কি? হ্যাঁ _____ না _____

যদি হ্যাঁ হয়, প্রত্যেক শিক্ষার্থীর জন্য একটি করে মেডিক্যাল ফরম সংযুক্ত করুন।

D. প্রত্যেক শিক্ষার্থী এবং কর্মকর্তার গন্তব্য দেশ/দেশসমূহে যাওয়ার এবং যুক্তরাষ্ট্রে ফিরে আসার জন্য প্রয়োজনীয় কাগজপত্র আছে কি? হ্যাঁ _____
না _____

E. ট্রিপ কোঅর্ডিনেটর সব শিক্ষার্থীর পাসপোর্টের কপি সংরক্ষণ করবেন।

F. শিক্ষার্থীদের সফরসঙ্গী কমপক্ষে একজন কর্মকর্তার কাছে আন্তর্জাতিক ডায়ালিং সুবিধাসহ ফোন থাকতে হবে।
কর্মকর্তা সংখ্যা: _____

ফোন নম্বর: _____

আমি প্রত্যয়ন করছি যে এই সফর সংশ্লিষ্ট চ্যান্সেলরের প্রবিধান A-670 এর সব বাধ্যবাধকতা পূরণ করা হয়েছে।

19. অনুমোদিত _____ তারিখ _____
প্রিন্সিপ্যাল

20. অনুমোদিত* _____ তারিখ _____
সুপারিনটেনডেন্ট

* যথাযথ সুপারিনটেনডেন্টকে অবশ্যই আন্তর্জাতিক সফর অনুমোদন করেত হবে। শিক্ষার্থীদের গন্তব্য দেশ/দেশসমূহের জন্য যদি কোন সফর পরামর্শ থাকে, তাহলে সুপারিনটেনডেন্টকে অবশ্যই সফর অনুমোদন করা যাবে কিনা তা নির্ণয়ে ডেপুটি সিনিয়র সুপারভাইজিং সুপারিনটেনডেন্ট এর সঙ্গে পরামর্শ করতে হবে।

Department of Education

সফর পরিকল্পনা

প্রিন্সিপ্যালকে অবশ্যই একটি বিস্তারিত সফরসূচি দিতে এবং এই ফরমের সঙ্গে সংযুক্ত করতে হবে

1. স্কুল: _____ ক্লাস(সমূহ) _____

2. গন্তব্য: নয়া সম্মতি ফরম এবং অনুমোদন ব্যতীত কোন পরিবর্তন চলবে না

_____

3. সফরের উদ্দেশ্য: _____

4. সফরের তারিখ(সমূহ) _____

5. যাত্রার সময়: _____ **6.** প্রত্যাবর্তনের সময়: _____

7. সঙ্গী শিক্ষার্থী সংখ্যা: _____ **8.** শিক্ষক সংখ্যা: _____ প্রাপ্তবয়স্ক সংখ্যা: _____

9. পরিবহনের ধরন:

সরকারি _____ চার্টার বাস কম্পানি _____ অন্যান্য _____

10. গন্তব্যের তথ্য (স্থান ও পরিবহন): _____

11. ফিরতি ট্রিপ (স্থান ও পরিবহন): _____

12. ফ্রি পরিবহন পাসের অনুরোধ জানান হয়েছে হ্যাঁ _____ না _____

13. _____ অনুমোদিত: _____
দায়িত্বপ্রাপ্ত শিক্ষক প্রিন্সিপ্যাল

14. ব্যক্তি/যে কম্পানি সফর পরিকল্পনা করেছেন তার নাম ও যোগাযোগের তথ্য:

_____

15. থাকা ও খাওয়া জোগাবে: _____

16. থাকার জায়গার ঠিকানা ও ফোন নং _____

17. স্থাপনাটির ঝুঁকির স্তরের (যেমন, পরিশ্রমহীন সফরের পরিবর্তে শারীরিকভাবে সকর্মক সফর) সঙ্গে সঙ্গতিপূর্ণ পর্যাপ্ত বিমা রয়েছে স্কুল এটি নিশ্চিত করেছে কি?

হ্যাঁ _____ না _____ উত্তর যদি হ্যাঁ হয়, পলিসির একটি কপি সংযুক্ত করুন।

18. যদি সাঁতার অন্তর্ভুক্ত থাকে, তাহলে স্কুল নিশ্চিত করেছে শিক্ষার্থীরা পানিতে থাকার পুরো সময়টা একজন লাইফগার্ড ডিউটিতে থাকবেন। হ্যাঁ _____

বিদেশ সফর

A. বর্তমানে স্টেট ডিপার্টমেন্ট সফরের ব্যাপারে কোন হুঁশিয়ারি বা পরামর্শ জারি করেছে কি? (www.cdc.gov; www.travel.state.gov)
হ্যাঁ _____ না _____

হ্যাঁ, অনুগ্রহ করে ব্যাখ্যা করুন: _____

B. বিদেশ ভ্রমণের প্রতিদিনের জন্য মেডিক্যাল বিমা কিনেছেন কি?

হ্যাঁ _____ না _____ (পলিসির একটি কপি সংযুক্ত করুন)

C. কোন আগাম মেডিক্যাল ক্লিয়ারেন্স দরকার কি? হ্যাঁ _____ না _____

যদি হ্যাঁ হয়, প্রত্যেক শিক্ষার্থীর জন্য একটি করে মেডিক্যাল ফরম সংযুক্ত করুন।

D. প্রত্যেক শিক্ষার্থী এবং কর্মকর্তার গন্তব্য দেশ/দেশসমূহে যাওয়ার এবং যুক্তরাষ্ট্রে ফিরে আসার জন্য প্রয়োজনীয় কাগজপত্র আছে কি? হ্যাঁ _____
না _____

E. ট্রিপ কোঅর্ডিনেটর সব শিক্ষার্থীর পাসপোর্টের কপি সংরক্ষণ করবেন।

F. শিক্ষার্থীদের সফরসঙ্গী কমপক্ষে একজন কর্মকর্তার কাছে আন্তর্জাতিক ডায়ালিং সুবিধাসহ ফোন থাকতে হবে।
কর্মকর্তা সংখ্যা: _____

ফোন নম্বর: _____

আমি প্রত্যয়ন করছি যে এই সফর সংশ্লিষ্ট চ্যান্সেলরের প্রবিধান A-670 এর সব বাধ্যবাধকতা পূরণ করা হয়েছে।

19. অনুমোদিত _____ তারিখ _____
প্রিন্সিপ্যাল

20. অনুমোদিত* _____ তারিখ _____
সুপারিনটেনডেন্ট

* যথাযথ সুপারিনটেনডেন্টকে অবশ্যই আন্তর্জাতিক সফর অনুমোদন করেত হবে। শিক্ষার্থীদের গন্তব্য দেশ/দেশসমূহের জন্য যদি কোন সফর পরামর্শ থাকে, তাহলে সুপারিনটেনডেন্টকে অবশ্যই সফর অনুমোদন করা যাবে কিনা তা নির্ণয়ে ডেপুটি সিনিয়র সুপারভাইজিং সুপারিনটেনডেন্ট এর সঙ্গে পরামর্শ করতে হবে।

Department of Education

দ্রষ্টব্য: কোন সফরের অনন্য পরিস্থিতির ভিত্তিতে সফর সম্পর্কিত অন্যান্য তথ্য এই ফরমে সংযুক্ত করা যেতে পারে। অন্য সব ধরনের পরিবর্তনের জন্য অফিস অব লিগ্যাল সার্ভিসেস এর অনুমোদন আবশ্যিক। এই সম্মতি পত্র শিক্ষার্থী বিনিময় এবং বাড়িতে থাকার কর্মসূচিতে প্রযোগযোগ্য নয়।

পিতামাতা বিতস্তি/সম্মতি পত্র

রাত্রিযাপন/সম্প্রসারিত দিবা সফর

নাম: _____ _____ক্লাস: _____

স্কুল (যখন প্রযোজ্য অন্যান্য সফর পৃষ্ঠপোষকের নাম অন্তর্ভুক্ত করুন): _____ সফরের তারিখ: _____/_____/_____

সফর কোঅর্ডিনেটর: _____

গন্তব্য: _____

রওনার স্থান: _____ _____ যাত্রার সময়: _____

প্রত্যাবর্তনের স্থান: _____ _____প্রত্যাবর্তনের সময়: _____

পরিবহনের ধরন: _____

সফরের উদ্দেশ্য: _____

_____

এই সফরের জন্য আবশ্যিক সুনির্দিষ্ট পোশাক/সরঞ্জাম: _____

সফরে উল্লিখিত শারীরিক ও ক্রীড়া কর্মকাণ্ড অন্তর্ভুক্ত থাকবে (যেমন, সাঁতার, অশ্বারোহণ, স্কেটিং, বোটিং, ইত্যাদি): _____

_____

_____

a) আমি বুঝেছি যে উপর্যুক্ত শারীরিক ও ক্রীড়া কর্মকাণ্ডে চোট পাওয়ার ঝুঁকি আছে এবং নিচে উল্লিখিত ব্যতীত অন্য কর্মকাণ্ডগুলোয় অংশগ্রহণের অনুমতি দিচ্ছি:

_____

_____

_____

b) নিচে বিশেষ খাবার ও ওষুধগত প্রয়োজনসহ আপনার সন্তান সম্পর্কে আমাদের জানা দরকার এমন সব ধরনের স্থায়ী ও সাময়িক স্বাস্থ্য ও অন্যান্য অবস্থা অথবা ভিসুয়াল বা অডিটোরি এইডের প্রয়োজনীয়তা উল্লেখ করুন:

_____

_____

_____

c) আমি একমত যে কোন জখম বা অসুস্থতাজনিত জরুরি অবস্থায় সফরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা(গণ) আমার পক্ষ থেকে সিদ্ধান্ত নিতে এবং আমার খরচে আমার সন্তানের জন্য চিকিৎসার ব্যবস্থা করতে পারবেন।

d) আমি বুঝেছি যে আমাকেই আমার সন্তানকে উপর্যুক্ত রওনার স্থানে নিয়ে যাওয়া ও প্রত্যাবর্তন স্থান থেকে নিয়ে আসতে হবে। আমি বুঝেছি যে সফরকালে কর্মকর্তা(গণ) আমার সন্তানের সঙ্গে থাকবেন, যার মধ্যে রওনার স্থান থেকে গন্তব্য স্থানে যাওয়া এবং গন্তব্য স্থান থেকে প্রত্যাবর্তন স্থানে ফেরার সময়ও।

e) আমি বুঝেছি যে প্রয়োজনবোধে সফর, সংস্থান ও অন্যান্য ব্যবস্থার পরিবর্তন স্কুলের এখতিয়ারভুক্ত। আমাকে নিয়মমাফিক যথাশীঘ্রসম্ভব এ বিষয়ে ওয়াকিফহাল করা হবে।

f) আমি বুঝেছি যে স্কুল আমার সন্তানের যাতায়াত ও থাকার ব্যবস্থা করার জন্য বাণিজ্যিক এয়ারলাইন, ট্রেন, রেস্ট্যুরেন্ট, হোটেল এবং অন্যান্য পরিষেবা নির্বাচন করেছে যাদের কাজ ও সেবার উপর স্কুলের নিয়ন্ত্রণ নেই। তাই স্কুল এসব বাণিজ্যিক সংস্থার কর্মকাণ্ডের জন্য দায়ী নয় যার মধ্যে রয়েছে, তবে এতেই সীমাবদ্ধ নয়, লাগেজ হারান, সন্তোষজনক নয় এমন থাকার ঘর এবং অর্থ ফেরত।

g) আমি বুঝেছি যে আমার সন্তানের কাছে সদাচরণ এবং স্কুলের শৃঙ্খলা বিধি ও নীতিমালা অনুসরণ প্রত্যাশা করা হয়।

h) আমি একমত হয়েছি এবং বুঝেছি যে আমি আমার সন্তানের কার্যকলাপের জন্য দায়ী। আমি স্কুলকে, স্কুল কর্মকর্তাদের গাফিলতিরজনিত সমস্যা ব্যতীত, সফর থেকে উদ্ভূত যেকোন দাবি বা ক্ষতিপূরণের দায় থেকে অব্যাহতি দিচ্ছি।

i) আমি বুঝেছি যে যেসব শিক্ষার্থী স্কুলের শৃঙ্খলা বিধি ভঙ্গ করবে তাদেরকে স্কুল ভবিষ্যতে কোন সফরে অংশগ্রহণ করতে নাও দিতে পারে। উপরন্তু, আমি বুঝেছি যে সফরে কোন মারাত্মক বরখেলাপের ঘটনা ঘটলে আমার সন্তানকে স্কুল ইচ্ছা করলে কর্মসূচি থেকে আগে বাড়ি পাঠিয়ে দিতে পারে, যে বিষয়ে আমাকে অবহিত করা হবে। আমি বুঝেছি যে আমার সন্তানকে যদি আগে বাড়ি পাঠিয়ে দেয়া হয় তাহলে আগে প্রস্থানের ব্যয়ভার আমাকেই বহন করতে হবে এবং স্কুলকে ফেরত দেয়া হয়নি এমন অর্থ বাজেয়াপ্ত হয়ে যাবে।

j) আমি বুঝেছি যে যেসব শিক্ষার্থী স্কুলের শৃঙ্খলা বিধি ভঙ্গ করবে তাদেরকে স্কুল সফরে অংশগ্রহণ করতে নাও দিতে পারে।

k) জরুরি প্রয়োজনে আমাকে যোগাযোগ করা যাবে: দিন: (____) _____ সন্ধ্যা: (____) _____

বাড়তি যোগাযোগ:: নাম: _____ দিন: (____) _____ সন্ধ্যা: (____) _____

l) আমি আমার সন্তানকে এই স্কুল সফরে অংশগ্রহণের অনুমতি দিচ্ছি।

_____ _____
(পিতামাতা/অভিভাবকের স্বাক্ষর) (তারিখ)

<u>শিক্ষার্থীর ঘোষণা</u>

(মিডল স্কুল ও হাই স্কুলের শিক্ষার্থীরা স্বাক্ষর করবে)

আমি এই ফরম পাঠ করেছি এবং বুঝেছি যে আমাকে এই সফরে ঠিক সে ধরনের আচরণ করতে হবে যে ধরনের আচরণ স্কুলে আমার কাছে প্রত্যাশা করা হয়।

_____ _____
(শিক্ষার্থীর স্বাক্ষর) (তারিখ)

Department of Education

দ্রষ্টব্য: কোন সফরের অনন্য পরিস্থিতির ভিত্তিতে সফর সম্পর্কিত অন্যান্য তথ্য এই ফরমে সংযুক্ত করা যেতে পারে। অন্য সব ধরনের পরিবর্তনের জন্য অফিস অব লিগ্যাল সার্ভিসেস এর অনুমোদন আবশ্যিক। এই সম্মতি পত্র শিক্ষার্থী বিনিময় এবং বাড়িতে থাকার কর্মসূচিতে প্রযোগযোগ্য নয়।

পিতামাতা বিতৃষ্ণি/সম্মতি পত্র

রাত্রিযাপন/সম্প্রসারিত দিবা সফর

নাম: _____ _____ক্লাস: _____

স্কুল (যখন প্রযোজ্য অন্যান্য সফর পৃষ্ঠপোষকের নাম অন্তর্ভুক্ত করুন): _____ সফরের তারিখ: _____/_____/_____

সফর কোঅর্ডিনেটর: _____

গন্তব্য: _____

রওনার স্থান: _____ _____ যাত্রার সময়: _____

প্রত্যাবর্তনের স্থান: _____ _____প্রত্যাবর্তনের সময়: _____

পরিবহনের ধরন: _____

সফরের উদ্দেশ্য: _____

_____

এই সফরের জন্য আবশ্যিক সুনির্দিষ্ট পোশাক/সরঞ্জাম: _____

সফরে উল্লিখিত শারীরিক ও ক্রীড়া কর্মকাণ্ড অন্তর্ভুক্ত থাকবে (যেমন, সাঁতার, অশ্বারোহণ, স্কেটিং, বোটিং, ইত্যাদি): _____

_____

_____

a) আমি বুঝেছি যে উপর্যুক্ত শারীরিক ও ক্রীড়া কর্মকাণ্ডে চোট পাওয়ার ঝুঁকি আছে এবং নিচে উল্লিখিত ব্যতীত অন্য কর্মকাণ্ডগুলোয় অংশগ্রহণের অনুমতি দিচ্ছি:

_____

_____

_____

b) নিচে বিশেষ খাবার ও ওষুধগত প্রয়োজনসহ আপনার সন্তান সম্পর্কে আমাদের জানা দরকার এমন সব ধরনের স্থায়ী ও সাময়িক স্বাস্থ্য ও অন্যান্য অবস্থা অথবা ভিসুয়াল বা অডিটোরি এইডের প্রয়োজনীয়তা উল্লেখ করুন:

_____

_____

_____

c) আমি একমত যে কোন জখম বা অসুস্থতাজনিত জরুরি অবস্থায় সফরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা(গণ) আমার পক্ষ থেকে সিদ্ধান্ত নিতে এবং আমার খরচে আমার সন্তানের জন্য চিকিৎসার ব্যবস্থা করতে পারবেন।

d) আমি বুঝেছি যে আমাকেই আমার সন্তানকে উপর্যুক্ত রওনার স্থানে নিয়ে যাওয়া ও প্রত্যাবর্তন স্থান থেকে নিয়ে আসতে হবে। আমি বুঝেছি যে সফরকালে কর্মকর্তা(গণ) আমার সন্তানের সঙ্গে থাকবেন, যার মধ্যে রওনার স্থান থেকে গন্তব্য স্থানে যাওয়া এবং গন্তব্য স্থান থেকে প্রত্যাবর্তন স্থানে ফেরার সময়ও।

e) আমি বুঝেছি যে প্রয়োজনবোধে সফর, সংস্থান ও অন্যান্য ব্যবস্থার পরিবর্তন স্কুলের এখতিয়ারভুক্ত। আমাকে নিয়মমাফিক যথাশীঘ্রসম্ভব এ বিষয়ে ওয়াকিফহাল করা হবে।

f) আমি বুঝেছি যে স্কুল আমার সন্তানের যাতায়াত ও থাকার ব্যবস্থা করার জন্য বাণিজ্যিক এয়ারলাইন, ট্রেন, রেস্ট্যুরেন্ট, হোটেল এবং অন্যান্য পরিষেবা নির্বাচন করেছে যাদের কাজ ও সেবার উপর স্কুলের নিয়ন্ত্রণ নেই। তাই স্কুল এসব বাণিজ্যিক সংস্থার কর্মকাণ্ডের জন্য দায়ী নয় যার মধ্যে রয়েছে, তবে এতেই সীমাবদ্ধ নয়, লাগেজ হারান, সন্তোষজনক নয় এমন থাকার ঘর এবং অর্থ ফেরত।

g) আমি বুঝেছি যে আমার সন্তানের কাছে সদাচরণ এবং স্কুলের শৃঙ্খলা বিধি ও নীতিমালা অনুসরণ প্রত্যাশা করা হয়।

h) আমি একমত হয়েছি এবং বুঝেছি যে আমি আমার সন্তানের কার্যকলাপের জন্য দায়ী। আমি স্কুলকে, স্কুল কর্মকর্তাদের গাফিলতিরজনিত সমস্যা ব্যতীত, সফর থেকে উদ্ভূত যেকোন দাবি বা ক্ষতিপূরণের দায় থেকে অব্যাহতি দিচ্ছি।

i) আমি বুঝেছি যে যেসব শিক্ষার্থী স্কুলের শৃঙ্খলা বিধি ভঙ্গ করবে তাদেরকে স্কুল ভবিষ্যতে কোন সফরে অংশগ্রহণ করতে নাও দিতে পারে। উপরন্তু, আমি বুঝেছি যে সফরে কোন মারাত্মক বরখেলাপের ঘটনা ঘটলে আমার সন্তানকে স্কুল ইচ্ছা করলে কর্মসূচি থেকে আগে বাড়ি পাঠিয়ে দিতে পারে, যে বিষয়ে আমাকে অবহিত করা হবে। আমি বুঝেছি যে আমার সন্তানকে যদি আগে বাড়ি পাঠিয়ে দেয়া হয় তাহলে আগে প্রস্থানের ব্যয়ভার আমাকেই বহন করতে হবে এবং স্কুলকে ফেরত দেয়া হয়নি এমন অর্থ বাজেয়াপ্ত হয়ে যাবে।

j) আমি বুঝেছি যে যেসব শিক্ষার্থী স্কুলের শৃঙ্খলা বিধি ভঙ্গ করবে তাদেরকে স্কুল সফরে অংশগ্রহণ করতে নাও দিতে পারে।

k) জরুরি প্রয়োজনে আমাকে যোগাযোগ করা যাবে: দিন: (____) _____ সন্ধ্যা: (____) _____

বাড়তি যোগাযোগ:: নাম: _____ দিন: (____) _____ সন্ধ্যা: (____) _____

l) আমি আমার সন্তানকে এই স্কুল সফরে অংশগ্রহণের অনুমতি দিচ্ছি।

_____ _____
(পিতামাতা/অভিভাবকের স্বাক্ষর) (তারিখ)

<u>শিক্ষার্থীর ঘোষণা</u>

(মিডল স্কুল ও হাই স্কুলের শিক্ষার্থীরা স্বাক্ষর করবে)

আমি এই ফরম পাঠ করেছি এবং বুঝেছি যে আমাকে এই সফরে ঠিক সে ধরনের আচরণ করতে হবে যে ধরনের আচরণ স্কুলে আমার কাছে প্রত্যাশা করা হয়।

_____ _____
(শিক্ষার্থীর স্বাক্ষর) (তারিখ)